



Since-1986

# পদক্ষেপ

## মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।

ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

স্মারক নং : পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০১৯/৩৯৭১

তারিখ : ৩০/১০/২০১৯ খ্রিস্টাব্দ

একই স্মারক ও তারিখে ইস্যুকৃত সার্কুলারের প্রতিস্থাপক হিসেবে সংশোধিত অফিস সার্কুলার ইস্যু করা হলো।

### সংশোধিত অফিস সার্কুলার

লাঞ্চ ভাতা প্রদানের আওতা বৃদ্ধি পূর্বক এরিয়া, জোন, প্রধান কার্যালয়, পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভলপমেন্ট এন্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) এবং পদক্ষেপ প্রিন্টিং এন্ড প্যাজেজিং (পিপিপি) এর আওতায় কর্মরত সকল কর্মীদের লাঞ্চ ভাতা প্রদানের অনুমোদন প্রসঙ্গে

ক. সংস্থার কর্মীদের লাঞ্চার সময়কে আরো ব্যবহার উপযোগী করার লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এরিয়া, জোন, প্রধান কার্যালয়, পিআইডিএম এবং পিপিপি এর আওতায় কর্মরত সকল কর্মীদের জন্য লাঞ্চ ভাতা সুবিধা প্রবর্তন করা হয়েছে। কর্মীদের লাঞ্চ ভাতা সুবিধা প্রদান করার ক্ষেত্রে নিম্নে উল্লেখিত নিয়ম বা শর্তাবলী অনুসরণ করা আবশ্যিক / প্রযোজ্য হবে :-

খ. এরিয়া, জোন, প্রধান কার্যালয়, পিআইডিএম এবং পিপিপি পর্যায়ে যারা লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবে

খ.১ উপর্যুক্ত কার্যালয় সমূহে কর্মরত সকল কর্মী দায়িত্ব পালনকালীন প্রতি কার্যদিবসের জন্য ৭০/- (সত্তর) টাকা হারে লাঞ্চ ভাতা প্রাপ্য হবে।

খ.২ এরিয়া ও জোন পর্যায়ে কর্মরত কর্মীদের জন্য এ লাঞ্চ ভাতা ০১/১০/২০১৯ খ্রিস্টাব্দ থেকে কার্যকর হবে যা তারা নগদে প্রাপ্য হবে।

খ.৩ প্রধান কার্যালয়, পিআইডিএম এবং পিপিপি এর আওতায় কর্মরত কর্মীদের জন্য লাঞ্চ ভাতা নন-ক্যাশ ভাতা হিসেবে বিবেচিত হবে। এসব কার্যালয়ের সকল কর্মীর লাঞ্চ আগামী ১১/১১/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ থেকে পিআইডিএম কর্তৃক প্রস্তুত ও সরবরাহ করা হবে।

খ.৪ সংস্থা কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রকল্প বা কর্মসূচীর আওতায় প্রকল্প বা কর্মসূচী মেয়াদকালের জন্য নিয়োজিত কর্মীদের লাঞ্চ ভাতা সুবিধা বাবদ প্রয়োজনীয় অর্থ প্রকল্প বা কর্মসূচীর বাজেট হতে সংস্থান করা হবে।

গ. যেসব ক্ষেত্রে লাঞ্চ ভাতা সুবিধা প্রদান প্রযোজ্য হবে না

গ.১ বিভিন্ন ধরনের ছুটি (যেমনঃ সাপ্তাহিক ছুটি, ঈদ, পূজা, বড়দিন ও অন্যান্য উৎসবের ছুটি, জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস উদযাপনের ছুটি, নৈমিত্তিক ছুটি, অর্জিত ছুটি, অসুস্থতা জনিত ছুটি, মাতৃত্ব/পিতৃত্ব জনিত ছুটি, বিনা বেতনে ছুটি প্রভৃতি) ভোগকালীন সময়ে সংশ্লিষ্ট কর্মী/ কর্মীদের লাঞ্চ ভাতা প্রদান প্রযোজ্য হবে না।

গ.২ ঈদ বা অন্য কোন ছুটি কালীন সময়ে অফিসে অবস্থানকারী কর্মীদের আলাদা ভাতা প্রদান করা হলে উক্ত ছুটির সময়ে অফিসে অবস্থানের জন্য সংশ্লিষ্ট কর্মী আলাদাভাবে কোন লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবেন না। তাছাড়া সাপ্তাহিক বা অন্য কোন ছুটির দিনে দায়িত্ব পালনের জন্য কোন কর্মী আলাদাভাবে কোন ভাতা বা খাবার সুবিধা প্রাপ্য হলে বা না হলেও সংশ্লিষ্ট দিনের জন্য সংশ্লিষ্ট কর্মী কোন লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবেন না।

গ.৩ কোন কর্মী যথাসময়ে অফিসে হাজির না হওয়ার কারণে নিয়মানুযায়ী ঐ দিন উক্ত কর্মীকে অফিসে অনুপস্থিত হিসেবে বিবেচনা করা হলে উক্ত দিনের জন্য সংশ্লিষ্ট কর্মী লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবেন না।

গ.৪ অফিসিয়াল ভ্রমণ সময়ে সংস্থার "ভ্রমণ সংক্রান্ত নীতিমালা (দ্বিতীয় সংস্করণ-২০১৩)" অনুযায়ী দৈনিক ভাতা বা খাবার ভাতা প্রাপ্য হলে সংশ্লিষ্ট ভ্রমণকালীন সময়ের জন্য কোন কর্মী লাঞ্চ ভাতা সুবিধা প্রাপ্য হবেন না। তবে কোন কর্মী তার চলমান ভ্রমণ শেষ করে দুপুর ২.০০ টার মধ্যে এসে অফিসে কাজে যোগদান ও অবশিষ্ট সময় দাপ্তরিক দায়িত্ব পালনে নিয়োজিত থাকলে ঐ দিনের জন্য সংশ্লিষ্ট কর্মীকে লাঞ্চ ভাতা প্রদান করা যাবে।

গ.৫ কোন কর্মী কর্মরহিত হয়ে প্রধান কার্যালয়ে সংযুক্ত বা সাময়িক কর্মরহিত বা সাময়িক বরখাস্ত হলে সংশ্লিষ্ট কর্মীকে উক্ত সময়ে লাঞ্চ ভাতা সুবিধা প্রদান প্রযোজ্য হবে না। তবে উক্ত কর্মীর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সঙ্গে তার লাঞ্চ ভাতার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

গ.৬ অফিসিয়াল কোন মিটিং / সেমিনার / ট্রেনিং / ওয়ার্কশপ এ অংশগ্রহণ করলে এবং তাতে অফিসিয়াল খরচে দুপুরের খাবার সরবরাহ করা হলে সংশ্লিষ্ট দিনের জন্য সংশ্লিষ্ট কর্মী / কর্মীদেরকে লাঞ্চ ভাতা সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

গ.৭ এরিয়া ও জোন পর্যায়ে মাষ্টাররোলে নিয়োজিত আয়া, বুয়াদের লাঞ্চ ভাতা সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

*Isrum*